# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৫১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, অসুস্থতার সময় সুস্থতার জন্য দু'আ না করা ওয়াজিব এবং তাকদীরের ফায়সালার উপর নির্ভর করা জরুরী, চাই সেটা পছন্দনীয় হোক অথবা অপছন্দনীয় হোক- তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الْعَلِيلَ يَجِبُ عَلَيْهِ تَرْكُ الدُّعَاءِ بِالشِّفَاءِ لِعِلَّتِهِ مَعَ الِاعْتِمَادِ عَلَى مَا أَوْجَبَ الْقَضَاءُ مَحْبُوبًا كَانَ أَوْ مَكْرُوهًا ـ

---

আরবী

2951 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا بشر بن الوليد بن الْكِنْدِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَمْرِو بْنِ مَالِكٍ النُّكْرِيِّ عَنْ أَبِي الْجَوْزَاءِ عَنْ عَائِشَةَ قَالَتْ: كُنْتُ أُعَوِّذُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِدُعَاءٍ كَانَ جِبْرِيلُ يعوِّذُهُ بِهِ إِذَا مَرِضَ: (أَذْهِبِ الْبَأْسَ رَبَّ النَّاسِ تُنْزِلُ الشِّفاء لَا شَافِيَ إِلَّا أَنْتَ اشْفِ شِفَاءً لَا يُغَادِرُ سَقَمًا) فَلَمَّا كَانَ فِي مَرَضِهِ الَّذِي تُوُفِّيَ فِيهِ جَعَلْتُ أَدْعُو بِهَذَا الدعاء فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ارْفَعِي يَدَكِ فَإِنَّهَا كَانَتْ تَنْفَعُنِي فِي المدَّة)
الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2951 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((الصحيحة)) (3104).

বাংলা

২৯৫১. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "(আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অসুস্থতার সময়) আমি তাঁকে সেসব দু'আ পড়ে ঝাঁড়ফুঁক করতাম, যেসব দু'আ পড়ে জিবরীল আলাইহিস সালাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অসুস্থতার সময় ঝাড়ফুঁক করতেন। দু'আটি হলো, أَذْهِبِ الْبَأْسَ رَبَّ النَّاسِ تُنْزِلُ الشِّفاء لَا شَافِيَ إِلَّا أَنْتَ اشْفِ شِفَاءً لَا يُغَادِرُ سَقَمًا (অসুস্থতা দূর করুন, হে মানুষের প্রভু। আপনি আরোগ্য অবতীর্ণ করুন। আপনি ছাড়া আর কোন নিরাময় দানকারী নেই। আপনি এমন নিরাময় দান করুন, যা কোন অসুস্থতাকে বাকী রাখবে না)।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যখন সেই অসুস্থতা শুরু হয়, যেই অসুস্থতায় তিনি মারা গিয়েছেন, তখন এই দু‘আ পড়ে আমি দু‘আ করতে শুরু করি। তখন তিনি বলেন, “তোমার হাত উঠাও। কেননা এটি দীর্ঘ সময় ধরে আমাকে উপকার দিচ্ছে।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২৬০; আবূ দাঊদ: ৩৮৮৩; ইবনু মাজাহ: ৩৫৩০।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহাহ: ৩১০৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92281

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন